



ইউনিট-৫

প্রেজেন্টেশন অ্যাপ্লিকেশন

Presentation Application



Course Learning Outcomes: The student will be able to:

CLO 3 Use office productivity tools (Powerpoint) for academic and professional tasks.

Specific Objectives	Content	Teaching and Learning Approach
The student will be able to: - Identify Spreadsheet Packages. - Explain the importance of the Spreadsheet application in data management. - Explain related concepts and terminologies in the Spreadsheet. - Identify features in the Spreadsheet application window. - Create and save a Workbook. - Construct and insert simple formulae and functions. - Format the worksheet using formatting tools. - Printing a worksheet.	Spreadsheet Packages, e.g. Excel Importance of Spreadsheet application in Data Management, Related Concepts and Terminologies (e.g., cell(s), rows, columns, worksheet, workbook) Features in the Spreadsheet Window Tool Bars; formatting bar, standard bar, formulae bar Types of Data and Their Uses (e.g., number, date, text, currency), Creating and Saving a Workbook, Constructing and Inserting	Classroom Lectures, Lab and Hands-on Practice

৫. PowerPoint Presentation (পাওয়ারপয়েন্ট উপস্থাপন)

৫.১. Introduction to presentation software (প্রেজেন্টেশন সফটওয়্যার পরিচিতি)

Presentation Software কী?

Presentation Software হলো এমন একটি প্রোগ্রাম যা ব্যবহারকারীদের তথ্য, ধারণা বা প্রকল্প সুন্দরভাবে উপস্থাপন করার জন্য স্লাইড তৈরি ও সাজানোর সুযোগ দেয়। এটি সাধারণত টেক্সট, ছবি, ভিডিও, অডিও ও গ্রাফিক্স ব্যবহার করে প্রেজেন্টেশন তৈরিতে ব্যবহৃত হয়।

Presentation Software-এর উদাহরণ


সফটওয়্যার	বর্ণনা
Microsoft PowerPoint	সর্বাধিক জনপ্রিয় ও বহুল ব্যবহৃত সফটওয়্যার
Google Slides	অনলাইনভিত্তিক, সহজে শেয়ার করা যায়
Apple Keynote	ম্যাক ও আইওএস ব্যবহারকারীদের জন্য
Prezi	গতিশীল ও ভিজুয়াল প্রেজেন্টেশনের জন্য

Presentation Software-এর ব্যবহৃত ক্ষেত্র

- শিক্ষাক্ষেত্রে শিক্ষা ও প্রশিক্ষণ প্রদান
- ব্যবসা ও কর্পোরেট মিটিং
- সেমিনার ও ওয়ার্কশপ
- গবেষণা ও প্রকল্প উপস্থাপন
- মার্কেটিং ও পণ্য প্রদর্শনী

Presentation Software-এর প্রধান বৈশিষ্ট্য

- স্লাইড তৈরি ও সাজানো
- টেক্সট, ছবি, ভিডিও ও অডিও ইনসার্ট করা
- টেমপ্লেট ও থিম ব্যবহার
- অ্যানিমেশন ও ট্রানজিশন এফেক্ট
- রিয়েল-টাইম সহযোগিতা (অনলাইন সফটওয়্যারে)
- প্রেজেন্টেশন মোড ও স্লাইড শো
- ফাইল এক্সপোর্ট (PDF, ভিডিও ইত্যাদি)



Presentation Software-এর সুবিধা

- তথ্যকে সহজ ও আকর্ষণীয়ভাবে উপস্থাপন করা যায়
- শ্রোতাদের মনোযোগ ধরে রাখা সহজ হয়
- স্লাইডের মাধ্যমে জটিল তথ্য সহজবোধ্য হয়
- সহযোগী প্রকল্পে একাধিক ব্যবহারকারী কাজ করতে পারে
- সময় ও শ্রম বাঁচায়

৫.২. Importance of the Presentation Application

Presentation Application (যেমন: Microsoft PowerPoint, Google Slides, Keynote) হলো এমন একটি সফটওয়্যার, যার মাধ্যমে তথ্য, ধারণা বা ডেটা ছবি, টেক্সট, গ্রাফিক্স ও অ্যানিমেশনসহ আকর্ষণীয়ভাবে উপস্থাপন করা যায়।

Presentation Application-এর গুরুত্ব

১. ভিজুয়াল যোগাযোগ (Visual Communication):
জটিল তথ্যকে ছবি, চার্ট, ডায়াগ্রাম ও ভিডিওর মাধ্যমে সহজভাবে উপস্থাপন করা যায়।
২. আকর্ষণীয় উপস্থাপন (Attractive Presentation):
টেক্সট, ছবি, অ্যানিমেশন ও সাউন্ড ব্যবহার করে দর্শকের মনোযোগ ধরে রাখা যায়।
৩. শিক্ষা ও প্রশিক্ষণে (Education & Training):
শিক্ষকরা পাঠ্যবিষয় আকর্ষণীয়ভাবে উপস্থাপন করতে পারেন।
অনলাইন ক্লাস ও প্রশিক্ষণে কার্যকরভাবে ব্যবহৃত হয়।
৪. ব্যবসায়িক ক্ষেত্রে (Business Use):
রিপোর্ট, প্রজেক্ট প্ল্যান, মার্কেটিং স্ট্র্যাটেজি ও সেলস পিচ সহজভাবে তুলে ধরা যায়।
৫. সিদ্ধান্ত গ্রহণে সহায়তা (Decision Making):
গ্রাফ, চার্ট ও টেবিল ব্যবহার করলে ডেটা বিশ্লেষণে সহজ হয়, যা দ্রুত সিদ্ধান্ত নিতে সাহায্য করে।
৬. সহজ সম্পাদনা ও হালনাগাদ (Easy Editing & Updating):
তথ্য পরিবর্তন করলে দ্রুত Presentation আপডেট করা যায়।
৭. ডিজিটাল শেয়ারিং (Digital Sharing):
ই-মেইল, ক্লাউড বা ওয়েবের মাধ্যমে সহজেই শেয়ার করা যায়।

৫.৩. Principles for Designing Presentations

একটি ভালো Presentation তৈরি করতে শুধু তথ্য দিলেই হয় না, বরং ডিজাইন, নীতিমালা (Design Principles) মেনে চললে তা হবে আকর্ষণীয়, সহজবোধ্য ও কার্যকরী।

মূল নীতিমালা (Key Principles):


১. Simplicity (সরলতা বজায় রাখা):
Slide গুলোতে অযথা বেশি লিখা বা ছবি দেয়া যাবে না।
প্রতিটি Slide একটি মূল ধারণা বহন করবে।
২. Consistency (একই রকম স্টাইল):
একই ফন্ট, রঙ, লেআউট ও ব্যাকগ্রাউন্ড ব্যবহার কর।
এলোমেলো ফন্ট/রঙ এড়িয়ে চলো।

৩. Readability (সহজপাঠ্য):

বড় ফন্ট ব্যবহার কর (শিরোনামের জন্য $\geq 28pt$, টেক্সটের জন্য $\geq 20pt$)।
ফন্ট হিসেবে পরিষ্কার (Sans-serif যেমন Arial, Calibri) ব্যবহার কর।

৪. Visual Balance (চিত্র ও লিখো সমন্বয়):

টেক্সটের সাথে প্রাসঙ্গিক ছবি, চার্ট, গ্রাফ ব্যবহার কর।
অপ্রয়োজনীয় গ্রাফিক্স এড়িয়ে চলো।

**৫. Use of Color (রঙের ব্যবহার):**

হালকা ব্যাকগ্রাউন্ডে গাঢ় রঙের টেক্সট ব্যবহার কর।
কন্ট্রাস্ট বজায় রাখ যাতে লিখা সহজে পড়া যায়।

৬. Minimal Text (কম টেক্সট):

প্রতিটি স্লাইডে মূল পয়েন্টগুলো Bullet Point আকারে রাখ।
পূর্ণ প্যারাগ্রাফ না দিয়ে সংক্ষিপ্ত বাক্য লিখ।

৭. Engaging Visuals (আকর্ষণীয় ভিজুয়াল):

চার্ট, ডায়াগ্রাম, ছবি ও আইকন ব্যবহার করে বার্তা স্পষ্ট করুন।

৮. Animation and Transition (সংঘমী ব্যবহার):

Animation/Transition ব্যবহার কর তবে খুব বেশি ভালমলে না হয়।
শুধু মনোযোগ বাড়াতে সীমিতভাবে ব্যবহার কর।

৯. Audience Focus (দর্শক কেন্দ্রিক):

শ্রোতাদের স্তর ও প্রয়োজন অনুযায়ী কনটেন্ট সাজাও।
অতিরিক্ত টেকনিক্যাল বিষয় দর্শকের জন্য জটিল হতে পারে।

১০. Practice and Flow (চর্চা ও ধারাবাহিকতা):

উপস্থাপনার আগে একাধিকবার প্র্যাকটিস কর।
স্লাইডের ক্রম যেন গল্পের মতো ধারাবাহিক হয়।

অনুশীলনী

ক. সঠিক উত্তরটি খাতায় লেখো :

১. Presentation Software কী?

ক. ভিডিও এডিটর

খ. স্লাইড তৈরির সফটওয়্যার

গ. পেইন্ট সফটওয়্যার

ঘ. ওয়েব ব্রাউজার

২. নিচের কোনটি একটি জনপ্রিয় প্রেজেন্টেশন সফটওয়্যার?

ক. Microsoft PowerPoint

খ. এমএস ওয়ার্ড

গ. গুগল ড্রোম

ঘ. ফটোশপ

৩. প্রেজেন্টেশন তৈরিতে টেমপ্লেট ও থিম কী কাজে লাগে?

ক. লিখা বড় করে

খ. ডিজাইন সুন্দর করে

গ. শব্দ কেটে দেয়

ঘ. স্লাইড মুছে দেয়

৪. প্রেজেন্টেশন ব্যবহারে শ্রোতাদের কী উপকার হয়?

ক. ঘুমিয়ে পড়ে

খ. মনোযোগ বাড়ে

গ. বিভ্রান্ত হয়

ঘ. প্রশ্ন করতে পারে না

উত্তরমালা : ১. খ; ২. ক; ৩. খ; ৪. খ।

খ. শূন্যস্থান পূরণ (Fill in the blanks) :

১. Presentation Software হলো এমন একটি প্রোগ্রাম যা ব্যবহারকারীদের তথ্য, ধারণা বা প্রকল্প সুন্দরভাবে উপস্থাপন করার জন্য তৈরি ও সাজানোর সুযোগ দেয়। উত্তর : স্লাইড

২. Presentation Application-এর গুরুত্বের মধ্যে মাধ্যমে জটিল তথ্য সহজভাবে উপস্থাপন করা সম্ভব।
উত্তর : ভিজুয়াল যোগাযোগ (ছবি, চার্ট, ডায়াগ্রাম ও ভিডিও)

৩. একটি ভালো Presentation তৈরি করতে নীতিমালা মেনে চলা জরুরি। যেমন, প্রতিটি স্লাইডে মূল ধারণা রাখার জন্য বজায় রাখতে হয়। উত্তর : সরলতা

৪. প্রেজেন্টেশনের পাঠযোগ্যতা বাড়ানোর জন্য হালকা ব্যাকগ্রাউন্ডে টেক্সট ব্যবহার করা উচিত।
উত্তর : গাঢ় রঙের

৫. Presentation তৈরি করার আগে শ্রোতাদের স্তর ও প্রয়োজন অনুযায়ী কনটেন্ট সাজানো জরুরি, যা নির্দেশ করে ব্যবহার করতে হবে। উত্তর : দর্শক-কেন্দ্রীক কনটেন্ট

গ. Matching (মিলকরণ) :

কলাম-A (পরিভাষা)	কলাম-B (ব্যাখ্যা)
১. Simplicity	ক. কম টেক্সট; মূল পয়েন্টগুলো সংক্ষিপ্তভাবে দেখানো।
২. Consistency	খ. সহজপাঠ্য; বড় ফন্ট ব্যবহার ও পরিষ্কার ফন্ট নির্বাচন।
৩. Readability	গ. একই ফন্ট, রঙ, লেআউট ও ব্যাকগ্রাউন্ড ব্যবহার।
৪. Visual Balance	ঘ. টেক্সটের সাথে প্রাসঙ্গিক ছবি, চার্ট বা গ্রাফ ব্যবহার।
৫. Minimal Text	ঙ. সরলতা বজায় রাখা; প্রতিটি স্লাইডে একটি মূল ধারণা।

উত্তরমালা : ১→ঙ, ২→গ, ৩→খ, ৪→ঘ, ৫→ক

ঘ. অতিসংক্ষিপ্ত প্রশ্ন :

১. প্রেজেন্টেশন সফটওয়্যার কী?
২. দুটি প্রেজেন্টেশন সফটওয়্যারের নাম লেখো।
৩. সর্বাধিক জনপ্রিয় প্রেজেন্টেশন সফটওয়্যারের নাম লেখো।
৪. অনলাইনভিত্তিক প্রেজেন্টেশন সফটওয়্যারের নাম লেখো।
৫. গতিশীল ও ভিজুয়াল প্রেজেন্টেশনের জন্য কোন সফটওয়্যার ব্যবহৃত হয়?

ঙ. সংক্ষিপ্ত প্রশ্ন :

১. কোন কোন সফটওয়্যার প্রেজেন্টেশন তৈরিতে ব্যবহৃত হয়?
২. প্রেজেন্টেশন সফটওয়্যারের প্রধান বৈশিষ্ট্যগুলো লেখো।
৩. প্রেজেন্টেশন সফটওয়্যারের সুবিধা কী কী?
৪. একটি ভালো প্রেজেন্টেশনের জন্য ডিজাইন নীতিমালার মধ্যে কোন কোন বিষয় লক্ষ্য রাখা উচিত?

চ. দৃশ্যকল্প-ভিত্তিক প্রশ্ন :

১. শিক্ষক একটি অনলাইন ক্লাসে ছাত্রদের সামনে “ডিজিটাল আসক্তি প্রতিরোধ” বিষয়টি উপস্থাপন করতে চান। এজন্য তিনি PowerPoint ব্যবহার করে স্লাইড তৈরি করেছেন, যেখানে টেক্সট, ছবি ও চার্ট একসাথে ব্যবহার করেছেন।

প্রশ্ন: এখানে কোন ধরনের সফটওয়্যার ব্যবহার করা হয়েছে? এই সফটওয়্যারের বৈশিষ্ট্য কীভাবে উপস্থাপনাকে আকর্ষণীয় করেছে?

২. একটি কোম্পানির মিটিং-এ বিজ্ঞয়ের রিপোর্ট উপস্থাপনের জন্য Google Slides ব্যবহার করা হলো। এতে একাধিক কর্মকর্তা একসাথে কাজ করলো এবং পরে অনলাইনে শেয়ার করা হলো।

প্রশ্ন: এখানে কোন প্রেজেন্টেশন সফটওয়্যার ব্যবহৃত হয়েছে? সহযোগী কাজ ও শেয়ারিং-এর ক্ষেত্রে এটি কেন কার্যকর?

৩. রাহিম একটি সেমিনারের জন্য PowerPoint স্লাইড বানাচ্ছে। সে প্রতিটি স্লাইডে ছোট ছোট বুলেট পয়েন্ট লিখেছে, প্রাসঙ্গিক ছবি যুক্ত করেছে, হালকা ব্যাকগ্রাউন্ডে গাঢ় টেক্সট ব্যবহার করেছে এবং সীমিত অ্যানিমেশন

প্রশ্ন: এখানে কোন কোন প্রেজেন্টেশন নীতিমালা অনুসরণ করা হয়েছে এবং কেন এগুলো কার্যকর?

ছ. বর্ণনামূলক প্রশ্ন :

১. উদাহরণসহ ব্যাখ্যা কর কীভাবে প্রেজেন্টেশন সফটওয়্যার ব্যবহৃত করে তথ্য ও ধারণা সুন্দরভাবে উপস্থাপন করা যায়।
২. প্রেজেন্টেশন সফটওয়্যারের ব্যবহৃত শিক্ষাক্ষেত্রে ও ব্যবসায়িক ক্ষেত্রে কীভাবে সহায়ক তা লেখো।
৩. ডিজাইন নীতিমালা অনুযায়ী প্রতিটি স্লাইড কীভাবে আকর্ষণীয় ও সহজপাঠ্য করা যায় তা ব্যাখ্যা করো।
৪. প্রেজেন্টেশনে ছবি, চার্ট, গ্রাফ ও অডিও/ভিডিও যুক্ত করার গুরুত্ব ব্যাখ্যা করো।
৫. স্লাইড শো মোডে প্রেজেন্টেশন চালানোর সময় অ্যানিমেশন ও ট্রানজিশন ব্যবহৃত করার সুবিধা কী কী?

৫.৪. Identification of Commonly Used Features of Presentation (প্রেজেন্টেশনের সাধারণত ব্যবহৃত বৈশিষ্ট্য চিহ্নিতকরণ)

প্রেজেন্টেশন সফটওয়্যার (যেমন Microsoft PowerPoint) বিভিন্ন বৈশিষ্ট্য সরবরাহ করে, যা একটি উপস্থাপনাকে আকর্ষণীয় ও কার্যকর করে তোলে। নিচে সাধারণভাবে ব্যবহৃত বৈশিষ্ট্যগুলো তুলে ধরা হলো:

Terminologies in Presentation

Terminology	Meaning (অর্থ)
Slide	Presentation-এর প্রতিটি পৃষ্ঠা যেখানে কনটেন্ট থাকে।
Slide Layout	স্লাইডে টেক্সট, ছবি, চার্ট ইত্যাদির বিন্যাস।
Theme	Presentation-এর জন্য পূর্বনির্ধারিত রঙ, ফন্ট ও ডিজাইন।
Transition	এক স্লাইড থেকে অন্য স্লাইডে যাওয়ার বিশেষ ইফেক্ট।
Animation	স্লাইডের ভেতরের টেক্সট/অবজেক্টকে নড়াচড়া করানোর ইফেক্ট।
Placeholder	যেখানে টেক্সট, ছবি বা কনটেন্ট বসানো হয় সেই নির্দিষ্ট জায়গা।
Template	প্রস্তুত তৈরি Presentation ডিজাইন, যা ব্যবহৃত করে সহজে নতুন Presentation বানানো যায়।
Notes Pane	Presenter-এর জন্য বিশেষ নোট, যা দর্শকরা দেখতে পায় না।
Handouts	স্লাইড প্রিন্ট আউট, যা শ্রোতাদের মধ্যে বিতরণ করা যায়।
Master Slide	পুরো Presentation-এর ডিজাইন/স্টাইল নিয়ন্ত্রণকারী মূল স্লাইড।

৫.৪.১ Slide (স্লাইড)

Slide হলো একটি Presentation-এর মূল পৃষ্ঠা যেখানে টেক্সট, ছবি, গ্রাফিক্স, চার্ট, ভিডিও ইত্যাদি সাজানো থাকে। একাধিক Slide মিলে পুরো Presentation তৈরি হয়।

Slide-এর বৈশিষ্ট্য:

- প্রতিটি Slide সাধারণত একটি মূল ধারণা (Main Idea) উপস্থাপন করে।
- Slide-এ Title (শিরোনাম) ও Content (বিষয়বস্তু) থাকে।
- Slide গুলো ক্রম অনুযায়ী (Sequentially) সাজানো থাকে।
- Slide-এ টেক্সট ছাড়াও চিত্র, চার্ট, ভিডিও, অ্যানিমেশন ব্যবহার করা যায়।
- Slide সহজেই যোগ, মুছে ফেলা, কপি, স্থানান্তর বা ফরমেটিং করা যায়।

Slide-এর ধরন (Types of Slides):

- Title Slide → Presentation-এর শুরুতে নাম/শিরোনাম দেখানোর জন্য।
- Content Slide → মূল তথ্য, টেক্সট, ছবি, চার্ট প্রদর্শনের জন্য।
- Comparison Slide → দুটি বিষয় তুলনা করার জন্য।
- Picture/Chart Slide → শুধু ছবি বা চার্ট প্রদর্শনের জন্য।
- Closing Slide → উপসংহার, ধন্যবাদ, প্রশ্নোত্তর ইত্যাদির জন্য।

Slide-এর ব্যবহৃত (Uses):

- শিক্ষা → পাঠ আকর্ষণীয়ভাবে উপস্থাপন।
- ব্যবসা → রিপোর্ট, পরিকল্পনা বা মার্কেটিং স্ট্র্যাটেজি দেখানো।
- গবেষণা → তথ্য ও ডেটা গ্রাফ আকারে বোঝানো।
- প্রেজেন্টেশন শেষে আলোচনা বা প্রশ্নোত্তরের জন্য ভিত্তি তৈরি।

৫.৪.২ Slide Layout in Presentation

Slide Layout হলো একটি স্লাইডের মধ্যে কোন জায়গায় টেক্সট, শিরোনাম, ছবি, চার্ট, টেবিল ইত্যাদি থাকবে তার পূর্বনির্ধারিত বিন্যাস (arrangement)।
এটি মূলত Slide-এর Design Structure।

Slide Layout-এর বৈশিষ্ট্য:

প্রতিটি Layout-এ Placeholder থাকে, যেখানে টেক্সট বা ছবি বসানো যায়।
একই Presentation-এ একাধিক ধরনের Layout ব্যবহার করা যায়।
Slide Layout পরিবর্তন করলে স্লাইডের কনটেন্ট অটোমেটিকভাবে নতুন ফরমেটে সাজানো হয়।
এটি সময় বাঁচায় কারণ শুরু থেকে নতুনভাবে ডিজাইন করতে হয় না।

PowerPoint-এ প্রচলিত Slide Layout-এর ধরন:

Slide Layout	ব্যবহার (Uses)
Title Slide	Presentation-এর শুরুতে শিরোনাম ও সাবটাইটেল দেখাতে।
Title and Content	শিরোনাম + টেক্সট, ছবি, চার্ট, ভিডিও ইত্যাদি।
Section Header	নতুন অধ্যায়/বিভাগ শুরু করার জন্য।
Two Content	পাশাপাশি দুটি বিষয় দেখাতে (টেক্সট, ছবি, চার্ট)।
Comparison	দুটি বিষয় তুলনা করার জন্য (Side by Side)।
Title Only	শুধু শিরোনাম রাখতে চাইলে।
Blank Slide	সম্পূর্ণ খালি, কাস্টম ডিজাইনের জন্য।
Picture with Caption	ছবি + সংক্ষিপ্ত টেক্সট।
Content with Caption	কনটেন্ট + ছোট ব্যাখ্যা।

Slide Layout ব্যবহারের ধাপ (PowerPoint):

১. যে স্লাইডে Layout পরিবর্তন করা প্রয়োজন সেটি সিলেক্ট।
২. Ribbon থেকে → Home Tab → Layout এ ক্লিক।
৩. পছন্দের Layout নির্বাচন।

৫.৪.৩ Transition in Presentation

Transition হলো এক স্লাইড থেকে অন্য স্লাইডে যাওয়ার সময় দেখা দেয়া অ্যানিমেশন ইফেক্ট। এটি Presentation-কে আকর্ষণীয় ও পেশাদার করে তোলে।

Transition-এর বৈশিষ্ট্য:

- প্রতিটি স্লাইডের জন্য আলাদা Transition সেট করা যায়।
- Transition-এর গতি (Speed) ও সময়কাল (Duration) নিয়ন্ত্রণ করা যায়।
- চাইলে Transition-এর সাথে Sound Effect যোগ করা যায়।
- Transition সাধারণত দর্শকের মনোযোগ ধরে রাখার জন্য ব্যবহৃত হয়।

Transition-এর প্রকারভেদ (Types of Transitions):

Category	Examples	বর্ণনা
Subtle (সরল)	Fade, Wipe, Push	সাধারণ ও হালকা ইফেক্ট
Exciting (আকর্ষণীয়)	Gallery, Flip, Origami	বেশি আকর্ষণীয় ও রঙিন ইফেক্ট
Dynamic Content	Pan, Ferris Wheel, Conveyor	কনটেন্টকে ডাইনামিকভাবে সরানো/ঘোরানো

Transition ব্যবহারের ধাপ (PowerPoint):

- যে স্লাইডে Transition দিতে চাও সেটি সিলেক্ট।
- Ribbon থেকে → Transitions Tab।
- পছন্দের Transition সিলেক্ট।
- Effect Options থেকে দিক বা স্টাইল পরিবর্তন করা যাবে।
- Duration দিয়ে গতি (সময়) নির্ধারণ।
- চাইলে Apply to All দিয়ে সব স্লাইডে একই Transition।

Transition-এর গুরুত্ব:

- Presentation-কে আকর্ষণীয় করে তোলে।
- শ্রোতাদের মনোযোগ ধরে রাখে।
- বিভিন্ন বিষয়কে আলাদা করে বোঝাতে সাহায্য করে।
- মসৃণভাবে (Smoothly) স্লাইড পরিবর্তন করতে সাহায্য করে।

৫.৪.৪. Theme in Presentation

Theme হলো একটি পূর্বনির্ধারিত (predefined) ডিজাইন সেট, যা পুরো Presentation-এর রঙ (colors), ফন্ট (fonts), ব্যাকগ্রাউন্ড (background styles), ইফেক্টস (effects) এবং Slide Layouts-এর সমন্বয় করে। এটি ব্যবহার করলে Presentation আকর্ষণীয় এবং একরকম ডিজাইনে সাজানো যায়।

Theme-এর বৈশিষ্ট্য:

- Presentation-এ একই রঙ ও ফন্টের সামঞ্জস্য (Consistency) বজায় রাখে।
- একবার Theme প্রয়োগ করলে পুরো Presentation একই স্টাইলে সাজানো হয়।

- Theme পরিবর্তন করলে স্লাইডের কনটেন্ট অপরিবর্তিত থেকে শুধু ডিজাইন বদলে যায়।
- Theme-এ Color Scheme, Font Style, Background Style, Effects সবকিছু একসাথে থাকে।

Theme-এর উপাদান (Elements of a Theme):

- Theme Colors → টেক্সট, ব্যাকগ্রাউন্ড, গ্রাফিক্স, চার্টের জন্য নির্দিষ্ট রঙ।
- Theme Fonts → শিরোনাম ও কনটেন্টের জন্য নির্দিষ্ট ফন্ট স্টাইল।
- Theme Effects → শেপ, চার্ট বা গ্রাফিক্সের জন্য শ্যাডো, গ্লো ইত্যাদি ভিজ্যুয়াল ইফেক্ট।
- Background Styles → স্লাইডের জন্য ব্যাকগ্রাউন্ড ডিজাইন।

Theme ব্যবহারের সুবিধা (Importance):

- Professional Look দেয়।
- Time Saving - বারবার ফরমেট করতে হয় না।
- Consistency - সব স্লাইডে একই রকম ডিজাইন থাকে।
- Easy Customization- ইচ্ছেমতো রঙ বা ফন্ট পরিবর্তন করা যায়।

Theme ব্যবহারের ধাপ (PowerPoint):

- Ribbon থেকে → Design Tab এ যান।
- Themes Gallery থেকে পছন্দের Theme সিলেক্ট করুন।
- প্রয়োজনে Variants এ গিয়ে রঙ বা ফন্ট কাস্টমাইজ করুন।

৫.৪.৫ Animation in Presentation

Animation হলো স্লাইডের ভেতরে থাকা টেক্সট, ছবি, চার্ট বা অন্যান্য অবজেক্টে দেয়া চলমান ভিজ্যুয়াল ইফেক্ট। অর্থাৎ, Transition যেখানে স্লাইড পরিবর্তনের সময় হয়, সেখানে Animation হয় একই স্লাইডের কনটেন্টে।

- Animation-এর বৈশিষ্ট্য:
- টেক্সট বা ছবি ধীরে ধীরে আসা, ভেসে যাওয়া, ঘুরে আসা ইত্যাদি করানো যায়।
- প্রতিটি অবজেক্টের জন্য আলাদা Animation ব্যবহৃত হয়।
- Animation-এর ক্রম (Order) ও সময় (Timing) নিয়ন্ত্রণ করা যায়।
- শ্রোতাদের মনোযোগ আকর্ষণ করার জন্য ব্যবহৃত হয়।

Animation-এর ধরন (Types of Animations in PowerPoint):

Animation Group	Examples	ব্যবহার
Entrance (প্রবেশ)	Appear, Fade, Fly In, Zoom	অবজেক্ট কীভাবে স্লাইডে আসবে
Emphasis (জোর দেয়া)	Spin, Grow/Shrink, Pulse	অবজেক্টে দৃষ্টি আকর্ষণ করা
Exit (প্রস্থান)	Disappear, Fade Out, Fly Out	অবজেক্ট কীভাবে স্লাইড থেকে যাবে
Motion Paths (গতিপথ)	Lines, Arc, Circle, Custom Path	অবজেক্ট নির্দিষ্ট পথে নড়াচড়া করবে

Animation ব্যবহারের ধাপ (PowerPoint):

১. যেই টেক্সট/অবজেক্টে Animation দিতে চান সেটি সিলেক্ট করা।
২. Ribbon থেকে → Animations Tab।

৩. পছন্দের Animation Effect নির্বাচন।
৪. Animation Pane খুলে ক্রম (Order) নিয়ন্ত্রণ করা।
৫. Timing থেকে Start, Duration ও Delay নির্ধারণ করা।

Animation-এর গুরুত্ব:

- তথ্য উপস্থাপন আরও আকর্ষণীয় হয়।
- একবারে সবকিছু না এসে ধাপে ধাপে আসায় শ্রোতাদের মনোযোগ ধরে রাখা যায়।
- গুরুত্বপূর্ণ অংশগুলোতে দৃষ্টি আকর্ষণ করা যায়।
- জটিল ধারণা সহজভাবে বোঝানো সম্ভব।

৫.৪.৬ Placeholder in Presentation

Placeholder হলো একটি ড্যাশড (dashed) আকারের বক্স, যা Slide Layout-এ আগে থেকেই দেয়া থাকে। এর মধ্যে টেক্সট, ছবি, চার্ট, টেবিল, ভিডিও বা অন্য কনটেন্ট বসানো যায়।

Placeholder-এর বৈশিষ্ট্য:

- Slide-এ কনটেন্ট ঢোকানোর জন্য নির্দিষ্ট জায়গা নির্দেশ করে।
- Placeholder-এ টেক্সট লিখলে তা স্বয়ংক্রিয়ভাবে Layout-এর নিয়ম অনুযায়ী ফরমেট হয়।
- একই Slide-এ একাধিক Placeholder থাকতে পারে (যেমন শিরোনাম + কনটেন্ট)।
- এটি Presentation-এর ডিজাইন ও Theme-এর সাথে সামঞ্জস্যপূর্ণ থাকে।
- Placeholder-কে গড়াব, Resize বা Delete করা যায়।

Placeholder-এর ধরন (Types of Placeholders):

১. Text Placeholder → শিরোনাম বা কনটেন্ট লিখার জন্য।
২. Content Placeholder → ছবি, চার্ট, টেবিল, স্মার্টআর্ট, মিডিয়া বসানোর জন্য।
৩. Picture Placeholder → নির্দিষ্ট ছবি ইনসার্ট করার জন্য।
৪. Chart/Table Placeholder → চার্ট বা টেবিল যুক্ত করার জন্য।

Placeholder ব্যবহারের গুরুত্ব:

- Presentation-এ কনটেন্ট সঠিকভাবে সাজাতে সাহায্য করে।
- দ্রুত কাজ শেষ করা যায় (বারবার ফরমেট করতে হয় না)।
- ডিজাইনের সামঞ্জস্য (Consistency) বজায় রাখে।
- শ্রোতাদের কাছে সুন্দর ও গোছানোভাবে তথ্য উপস্থাপন করা যায়।

৫.৪.৭. Template in Presentation

Template হলো একটি পূর্বনির্ধারিত (pre-designed) Slide Design বা Format, যেখানে Theme, Background, Fonts, Colors, Layouts, Placeholder ইত্যাদি আগে থেকেই সেট করা থাকে। এটি ব্যবহার করলে নতুন Presentation খুব দ্রুত ও আকর্ষণীয়ভাবে তৈরি করা যায়।

Template-এর বৈশিষ্ট্য:

- আগে থেকে তৈরি করা Design Structure থাকে।
- এতে নির্দিষ্ট Color Scheme, Font Style, Effects দেয়া থাকে।

- প্রতিটি Slide-এর জন্য Placeholder (Title, Content, Picture ইত্যাদি) প্রস্তুত থাকে।
- Presentation-এর Consistency বজায় রাখে।
- Template কাস্টমাইজ (Custom Template) করা যায়।

Template-এর ধরন (Types of Templates):


- Built-in Templates → PowerPoint-এ আগে থেকেই দেয়া থাকে।
- Custom Templates → ব্যবহারকারী নিজের মতো করে বানাতে পারে।
- Downloaded Templates → ইন্টারনেট থেকে ডাউনলোড করা যায়।

Template ব্যবহারের সুবিধা:

- সময় বাঁচে (Quick Presentation)
- ডিজাইন সুন্দর ও আকর্ষণীয় হয়।
- সব Slide-এ একই রকম Format ও Style বজায় থাকে।
- নতুন ব্যবহারকারীদের জন্য সহজ।
- Professional প্রেজেন্টেশনে মান বজায় থাকে।

Template ব্যবহারের ধাপ (PowerPoint):

১. ওপেন PowerPoint।
২. File → New।
৩. Template Gallery থেকে একটি Template নির্বাচন।
৪. Create-এ ক্লিক করলে Template অনুযায়ী Slide তৈরি হবে।
৫. চাইলে নিজের টেক্সট, ছবি ও ডেটা যোগ করে কাস্টমাইজ করা যায়।



৫.৪.৮. Notes Pane (নোটস পেইন)

Notes Pane বা নোটস পেইন হলো প্রেজেন্টেশন সফটওয়্যার। যেমন- Microsoft PowerPoint-এ একটি অংশ যেখানে তুমি প্রতিটি স্লাইডের জন্য স্পিকার নোট বা অতিরিক্ত তথ্য লিখতে পার, যা স্লাইডে প্রদর্শিত হয় না।

- এটি প্রতিটি স্লাইডের নিচে থাকা একটি টেক্সট বক্স বা অংশ।
- এখানে লিখা নোটগুলো দর্শকের জন্য দৃশ্যমান হয় না।
- মূলত প্রেজেন্টারকে মুখস্থ না করেই স্মরণ করানোর জন্য ব্যবহৃত হয়।

নোটস পেইনের উদ্দেশ্য

- প্রেজেন্টারকে মূল পয়েন্ট মনে রাখতে সহায়তা করে।
- স্লাইডে না থাকা অতিরিক্ত তথ্য বা ব্যাখ্যা যোগ কলে।
- নোট সহ হ্যান্ডআউট প্রিন্ট করার সুবিধা।
- প্রেজেন্টেশন চলাকালীন Presenter View-এ নোট দেখে সহজে উপস্থাপন করা।

নোটস পেইন ব্যবহার করার উপায়

১. স্লাইডের নিচে থাকা Notes Pane-এ ক্লিক।
২. তোমার স্পিকার নোট বা টিপস লিখ।
৩. প্রয়োজন হলে ফন্ট আকার বা ফরমেটিং পরিবর্তন করা।
৪. প্রেজেন্টেশন চলাকালে Presenter View ব্যবহার করে নোট দেখা।

মূল বিষয়

- প্রতিটি স্লাইডের জন্য আলাদা নোটস পেইন থাকে।
- এখানে লিখা নোটগুলো প্রেজেন্টেশনের সময় অদৃশ্য থাকে।
- এটি প্রেজেন্টেশনকে আরও সুস্থ ও সহজ করে তোলে।

৫.৪.৯. Handouts (হ্যান্ডআউটস)

Handouts বা হ্যান্ডআউটস হলো প্রেজেন্টেশনের প্রিন্ট করা কপি, যা সাধারণত দর্শক বা শ্রোতাদের দেয়া হয়, যাতে তারা স্লাইডের বিষয়বস্তু সহজে অনুসরণ বা নোট নিতে পারে।


- প্রেজেন্টেশনের স্লাইডগুলোর সংক্ষিপ্ত বা পূর্ণ রূপে প্রিন্ট করা কপি।
- এগুলো দর্শকের জন্য তৈরি হয়, যাতে তারা উপস্থাপনায় আলোচনা করা তথ্য ধরে রাখতে পারে।
- হ্যান্ডআউটস সাধারণত কাগজে বা PDF ফাইল হিসেবে বিতরণ করা হয়।

হ্যান্ডআউটসের উদ্দেশ্য

- দর্শক বা শিক্ষার্থীদের উপস্থাপিত বিষয়বস্তু মনে রাখতে সাহায্য করে।
- প্রেজেন্টেশনের সময় নোট নেয়ার সুবিধা দেয়।
- প্রেজেন্টেশনের তথ্য ভবিষ্যতে রেফারেন্স হিসেবে সংরক্ষণ করে।
- শ্রোতাদের উপস্থাপনার মূল ধারণা দ্রুত বোঝায়।

হ্যান্ডআউটস তৈরির উপায়

- প্রেজেন্টেশন সফটওয়্যারে File → Print → Handouts নির্বাচন করা।
- নির্ধারণ কর কতটি স্লাইড এক পৃষ্ঠায় থাকবে (১, ২, ৩, ৪, ৬ বা, ৯ স্লাইড)।
- প্রয়োজনে নোটসহ Notes Pages হিসেবে হ্যান্ডআউট তৈরি করা।
- প্রিন্ট বা PDF হিসেবে সংরক্ষণ করা।

**মূল বিষয়**

- হ্যান্ডআউটস দর্শককে সহজে তথ্য বুঝতে ও নোট নিতে সাহায্য করে।
- এটি প্রেজেন্টেশনের শিক্ষণ ও পুনঃপর্যালোচনার জন্য গুরুত্বপূর্ণ।
- স্লাইড সংখ্যা ও বিন্যাসের উপর নির্ভর করে এক পৃষ্ঠায় এক বা একাধিক স্লাইড দেখানো যায়।

৫.৪.১০. Master Slide (মাস্টার স্লাইড)

Master Slide (মাস্টার স্লাইড) হলো প্রেজেন্টেশন সফটওয়্যার। যেমন- PowerPoint-এ একটি বিশেষ স্লাইড যা পুরো প্রেজেন্টেশনের ডিজাইন এবং বিন্যাস নিয়ন্ত্রণ করে।

- এটি একটি প্রধান বা টেমপ্লেট স্লাইড, যা প্রেজেন্টেশনের সব স্লাইডের জন্য সাধারণ ডিজাইন, লোগো, ফন্ট, ব্যাকগ্রাউন্ড এবং কলার স্কিম নির্ধারণ করে।
- মূলত সমস্ত স্লাইডে একই রকম স্টাইল বজায় রাখতে ব্যবহৃত হয়।

মাস্টার স্লাইডের উদ্দেশ্য

- পুরো প্রেজেন্টেশনে একসঙ্গে ধারাবাহিকতা বজায় রাখে।
- সময় বাঁচানো – প্রতিটি স্লাইড আলাদা করে ডিজাইন করার প্রয়োজন নেই।
- স্লাইডের ব্যাকগ্রাউন্ড, হেডার, ফুটার, লোগো, নম্বর একবারে স্থাপন করা যায়।
- প্রেজেন্টেশনের প্রফেশনাল লুক নিশ্চিত করে।

মাস্টার স্লাইড ব্যবহার করার উপায়

১. View → Slide Master নির্বাচন।
২. মূল স্লাইডে পরিবর্তন (ব্যাকগ্রাউন্ড, ফন্ট, লোগো, হেডার/ফুটার)।
৩. পরিবর্তনগুলো সমস্ত স্লাইডে স্বয়ংক্রিয়ভাবে প্রয়োগ হবে।
৪. নতুন স্লাইড যোগ করলে মাস্টার ডিজাইন স্বয়ংক্রিয়ভাবে প্রয়োগ হবে।

মূল বিষয়

- মাস্টার স্লাইড হলো প্রেজেন্টেশনের মূল টেমপ্লেট।
- এটি ব্যবহার করলে সব স্লাইডে ধারাবাহিকতা ও প্রফেশনাল লুক বজায় থাকবে।
- সময় এবং প্রচেষ্টা বাঁচানোর জন্য এটি খুবই গুরুত্বপূর্ণ।

অনুশীলনী**ক. সঠিক উত্তরটি খাতায় লেখো :**

১. স্লাইডে কী থাকে?
ক. শুধু টেক্সট
গ. শুধু অডিও
খ. শুধু ছবি
ঘ. টেক্সট, ছবি, ভিডিও, চার্ট
২. কোনটি টেক্সট বা ছবি কাস্টম গতিপথে সরানোর অ্যানিমেশন?
ক. Emphasis
গ. Motion Path
খ. Exit
ঘ. Entrance
৩. "Slide Master" এর কাজ কী?
ক. টেমপ্লেট তৈরি
গ. অ্যানিমেশন তৈরি
খ. ভিডিও যোগ করা
ঘ. মিউজিক যোগ করা
৪. নিচের কোনটি স্লাইড ডিজাইনের জন্য প্রস্তুত টেমপ্লেট?
ক. Animation
গ. Theme
খ. Transition
ঘ. Template

উত্তরমালা : ১. ঘ; ২. গ; ৩. ক; ৪. ঘ।

খ. শূন্যস্থান পূরণ (Fill in the blanks) :

১. প্রেজেন্টেশন সফটওয়্যারে একটি স্লাইড হলো সেই পৃষ্ঠা যেখানে টেক্সট, ছবি, চার্ট বা ভিডিও সাজানো থাকে।
একাধিক মিলে পুরো Presentation তৈরি হয়।
উত্তর : Slide
২. স্লাইড থেকে স্লাইডে যাওয়ার সময় দেখা দেয় এমন অ্যানিমেশন ইফেক্টকে বলা হয়।
উত্তর : Transition
৩. প্রেজেন্টেশনের স্লাইডের ভেতরে থাকা টেক্সট, ছবি বা অবজেক্টে দেওয়া চলমান ভিজ্যুয়াল ইফেক্টকে বলা হয়।
উত্তর : Animation
৪. পুরো প্রেজেন্টেশনের ডিজাইন, লোগো, ফন্ট, ব্যাকগ্রাউন্ড ও কলার স্কিম নিয়ন্ত্রণ করার জন্য ব্যবহৃত বিশেষ স্লাইডকে বলা হয়।
উত্তর : Master Slide (মাস্টার স্লাইড)
৫. প্রেজেন্টেশনের প্রিন্ট করা কপি, যা দর্শক বা শ্রোতাদের দেয়া হয় যাতে তারা স্লাইডের বিষয়বস্তু সহজে অনুসরণ বা নোট নিতে পারে, তাকে বলা হয়।
উত্তর : Handouts (হ্যান্ডআউটস)

গ. Matching (মিলকরণ) :

কলাম-A (পরিভাষা)	কলাম-B (ব্যাখ্যা)
১. Slide	ক. এক স্লাইড থেকে অন্য স্লাইডে যাওয়ার সময় দেখা দেয় অ্যানিমেশন ইফেক্ট।
২. Slide Layout	খ. স্লাইডের মধ্যে পূর্বনির্ধারিত বিন্যাস যেখানে টেক্সট, ছবি, চার্ট, টেবিল থাকবে।
৩. Transition	গ. একটি স্লাইডের মূল পৃষ্ঠা যেখানে টেক্সট, ছবি, চার্ট, ভিডিও সাজানো থাকে।
৪. Animation	ঘ. প্রেজেন্টেশনের সব স্লাইডের জন্য সাধারণ ডিজাইন, লোগো, ফন্ট ও ব্যাকগ্রাউন্ড নিয়ন্ত্রণ করে।
৫. Master Slide	ঙ. একই স্লাইডের কনটেন্টে চলমান ভিজুয়াল ইফেক্ট।

উত্তরমালা : ১→গ, ২→খ, ৩→ক, ৪→ঙ, ৫→ঘ

ঘ. অতিসংক্ষিপ্ত প্রশ্ন :

১. Slide কী?
২. Presentation-এর প্রতিটি পৃষ্ঠাকে কী বলে?
৩. Slide Layout কী?
৪. Transition কী?
৫. Theme কী?
৬. Animation কী?
৭. Placeholder কী?
৮. Template কী?
৯. Notes Pane কী?
১০. Handouts কী?
১১. Master Slide কী?

ঙ. সংক্ষিপ্ত প্রশ্ন :

১. Slide বলতে কী বোঝায়? এবং এর মূল বৈশিষ্ট্য কী কী?
২. Slide Layout কীভাবে স্লাইড ডিজাইন সহজ করে?
৩. Slide Transition কী এবং এর প্রকারভেদ লেখো।
৪. Animation এর প্রধান ব্যবহৃত কী কী?
৫. Design Theme ব্যবহৃত করার সুবিধা কী কী?
৬. মাস্টার স্লাইড (Master Slide) ব্যবহৃত করার মূল উদ্দেশ্য কী?

চ. বর্ণনামূলক প্রশ্ন :

১. বিভিন্ন ধরনের Slide (শিরোনাম, বিষয়বস্তু, তুলনামূলক, ছবি/চার্ট, উপসংহার) উদাহরণসহ ব্যাখ্যা করো।
২. Slide Layout-এর ধরন ও ব্যবহৃত প্রক্রিয়া ব্যাখ্যা করো।
৩. Transition-এর গুরুত্ব ও ব্যবহৃত ধাপ বিস্তারিতভাবে লেখো।
৪. Animation এর ধরন ও শিক্ষাক্ষেত্রে এর কার্যকারিতা ব্যাখ্যা করো।
৫. Theme ব্যবহারের ধাপ ও উপকারিতা উদাহরণসহ ব্যাখ্যা করো।
৬. নোটস পেইন, হ্যান্ডআউটস ও মাস্টার স্লাইডের ব্যবহৃত ও গুরুত্ব বিশদভাবে লেখো।

৫.৫. Window: Toolbars (উইন্ডো: টুলবারসমূহ)

টুলবার (Toolbar) হলো প্রেজেন্টেশন বা অন্যান্য সফটওয়্যারের উইন্ডোতে থাকা একটি অংশ, যেখানে বিভিন্ন আইকন/বাটন থাকে যা নির্দিষ্ট কাজ দ্রুত সম্পাদনে সাহায্য করে। টুলবার ব্যবহারের মাধ্যমে মেনুতে না গিয়ে সহজেই প্রয়োজনীয় কমান্ড ব্যবহার করা যায়।

সাধারণভাবে ব্যবহৃত টুলবারসমূহ

Standard Toolbar (স্ট্যান্ডার্ড টুলবার)

এতে সাধারণ ও প্রায়ই ব্যবহৃত কমান্ড থাকে।

যেমন: New (নতুন ফাইল খোলা), Open (ফাইল খোলা), Save (সংরক্ষণ), Print (প্রিন্ট), Copy, Cut, Paste ইত্যাদি।

Formatting Toolbar (ফরমেটিং টুলবার)

টেক্সট বা অবজেক্টের আকার, রঙ, স্টাইল পরিবর্তন করতে ব্যবহৃত হয়।

যেমন: Font, Font Size, Bold, Italic, Underline, Text Color, Alignment (Left, Right, Center), Bullets & Numbering ইত্যাদি।

Drawing Toolbar (ড্রইং টুলবার)

বিভিন্ন আকৃতি (Shapes), লাইন, তীর (Arrows), রঙ ভর্তি (Fill Color) বা বর্জীর আকার জন্য ব্যবহৃত হয়।

Slide Toolbar (স্লাইড টুলবার)

প্রেজেন্টেশনের মধ্যে Slide Layout, Design, Transition, Animation ইত্যাদি নিয়ন্ত্রণের জন্য ব্যবহৃত হয়।

টুলবারের গুরুত্ব

সফটওয়্যার ব্যবহারে দ্রুততা ও সুবিধা বৃদ্ধি করে।

প্রয়োজনীয় কমান্ডে এক ক্লিকেই অ্যাক্সেস পাওয়া যায়।


ব্যবহারকারীকে মেনুতে না গিয়েই সহজে কাজ করতে দেয়।

৫.৫.১. PowerPoint Standard Toolbar (স্ট্যান্ডার্ড টুলবার)

Microsoft PowerPoint-এ Standard Toolbar (স্ট্যান্ডার্ড টুলবার) হলো একটি টুলবার, যেখানে সবচেয়ে বেশি ব্যবহৃত সাধারণ কমান্ডগুলোর শর্টকাট বাটন থাকে। এটি মূলত উপস্থাপনা (Presentation) তৈরির সময় দ্রুত কাজ করার জন্য ব্যবহার করা হয়।

PowerPoint Standard Toolbar-এর সাধারণ বাটন/কমান্ডসমূহ

- New → নতুন প্রেজেন্টেশন তৈরি করা।
- Open → সংরক্ষিত প্রেজেন্টেশন ফাইল খোলা।
- Save → প্রেজেন্টেশন সংরক্ষণ করা।
- Print → স্লাইড বা হ্যান্ডআউট প্রিন্ট করা।
- Print Preview → প্রিন্ট করার আগে প্রিভিউ দেখা।



- Spell Check → বানান যাচাই করা।
- Cut → লিখা/অবজেক্ট কেটে নেয়া।
- Copy → লিখা/অবজেক্ট কপি করা।
- Paste → কাটা/কপি করা লিখা বা অবজেক্ট বসানো।
- Undo → শেষ কাজটি বাতিল করা।
- Redo → বাতিল করা কাজটি আবার ফিরিয়ে আনা।
- Insert Hyperlink → টেক্সট বা অবজেক্টে লিঙ্ক যুক্ত করা।
- Tables and Charts → টেবিল বা চার্ট যোগ করা।
- Slide Show → স্লাইড প্রেজেন্টেশন চালানো।
- Zoom → স্লাইড বড়/ছোট করে দেখা।

স্ট্যান্ডার্ড টুলবারের গুরুত্ব

- PowerPoint-এ দ্রুত নতুন স্লাইডশো তৈরি, খোলা ও সংরক্ষণ করা যায়।
- কপি, পেস্ট, কাট, আন্ডু, রিডু ইত্যাদি প্রায়ই ব্যবহৃত কাজ সহজে করা যায়।
- হ্যান্ডআউট/স্লাইড প্রিন্ট করা সহজ হয়।
- প্রেজেন্টেশনে বানান ভুল এড়ানো যায়।

৫.৫.২. Formatting Toolbar (ফরমেটিং টুলবার)

Formatting Toolbar হলো Microsoft PowerPoint বা অন্যান্য অফিস অ্যাপ্লিকেশনে ব্যবহৃত একটি টুল যেখানে লিখা (Text) এবং অবজেক্টের (Object) আকার, রঙ, স্টাইল ইত্যাদি পরিবর্তন করার জন্য শর্ট কমান্ড থাকে। এটি মূলত স্লাইডকে আকর্ষণীয় ও সুন্দরভাবে উপস্থাপনযোগ্য করতে ব্যবহৃত হয়।

PowerPoint Formatting Toolbar-এর সাধারণ বাটন/কমান্ডসমূহ

- Font Style (ফন্ট স্টাইল নির্বাচন)
- Font Size (ফন্টের আকার পরিবর্তন)
- Bold (গাঢ় করা)
- Italic (তির্ঘক করা)
- Underline (আন্ডারলাইন করা)
- Font Color (লেখার রঙ পরিবর্তন)
- Highlight (লেখায় হাইলাইট যোগ করা)



- Align Left (বামদিকে সমতলকরণ)

- Center Align (মাঝখানে সমতলকরণ)
- Align Right (ডানদিকে সমতলকরণ)
- Justify (চারদিকে সমানভাবে সমতলকরণ)
- Bullets (বুলেট যুক্ত করা)
- Numbering (নম্বর যুক্ত করা)
- Increase Indent (ইনডেন্ট বাড়ানো)
- Decrease Indent (ইনডেন্ট কমানো)
- Line Spacing (লাইন স্পেসিং পরিবর্তন)
- Background/Fill Color (ব্যাকগ্রাউন্ড বা টেক্সট বক্সে রঙ যোগ করা)।

Formatting Toolbar-এর গুরুত্ব


- লেখা বা অবজেক্টকে আকর্ষণীয় ও সহজ করা যায়।
- টেক্সটের ফন্ট, আকার ও রঙ পরিবর্তন করে ভিজ্যুয়াল ইফেক্ট বাড়ানো যায়।
- বুলেট ও নাম্বারিং ব্যবহার করে তথ্যকে সুসজ্জলভাবে উপস্থাপন করা যায়।
- স্লাইডে পেশাদার লুক (Professional Look) নিশ্চিত করে।

৫.৫.৩. Drawing Toolbar (ড্রইং টুলবার)

Drawing Toolbar হলো Microsoft PowerPoint (বা Word/Excel)-এর একটি বিশেষ টুলবার, যেখানে স্লাইডে আকৃতি (Shapes), লাইন, তীর (Arrows), টেক্সট বক্স, রঙ ও অন্যান্য ড্রইং উপাদান যুক্ত করার জন্য শর্টকাট বাটন থাকে। এটি ব্যবহার করে থ্রেজেন্টেশনকে আরও চিত্রসমৃদ্ধ ও আকর্ষণীয় করা যায়।

Drawing Toolbar-এর সাধারণ বাটন/কমান্ডসমূহ

- Lines (লাইন আঁকা)
- Arrows (তীর চিহ্ন আঁকা)
- Rectangle (আয়তক্ষেত্র আঁকা)
- Oval / Circle (বৃত্ত বা ডিম্বাকার আঁকা)
- AutoShapes (বিভিন্ন রেডি-শেপ যেমন তারকা, ব্যানার, ডায়াগ্রাম)
- Text Box (টেক্সট বক্স যোগ করা)



- WordArt (শিল্পসমৃদ্ধ লিখা তৈরি করা)
- Fill Color (শেপের ভেতর রঙ ভরাট করা)
- Line Color (লাইনের রঙ পরিবর্তন)

গ. Matching (মিলকরণ) :

কলাম-A (পরিভাষা)	কলাম-B (ব্যাখ্যা)
১. Standard Toolbar (স্ট্যান্ডার্ড টুলবার)	ক. স্লাইড সম্পর্কিত কাজ দ্রুত সম্পাদন করার কাজে বেশি ব্যবহৃত হয়।
২. Formatting Toolbar (ফরমেটিং টুলবার)	খ. লেখা বা অবজেক্টের আকার, ফন্ট, রঙ, স্টাইল, হাইলাইট, বুলেট/নাম্বারিং পরিবর্তনের জন্য ব্যবহৃত হয়।
৩. Drawing Toolbar (ড্রইং টুলবার)	গ. সফটওয়্যার ব্যবহারে দ্রুততা ও সুবিধা বৃদ্ধি করে, কমান্ডে এক ক্লিকেই অ্যাক্সেস পাওয়া যায়, মেনুতে না গিয়েই কাজ সহজ হয়।
৪. Slide Toolbar (স্লাইড টুলবার)	ঘ. সবচেয়ে বেশি ব্যবহৃত সাধারণ কমান্ডের শর্টকাট বাটন থাকে।
৫. টুলবারের গুরুত্ব	ঙ. প্রেজেন্টেশনে আকৃতি, লাইন, তীর, বৃত্ত, টেক্সটবক্স, রঙ, থ্রিডি ইফেক্ট, অবজেক্ট ঘোরানো বা সামনের/ পেছনের দিকে পাঠানোর জন্য ব্যবহৃত হয়।

উত্তরমালা : ১→ঘ, ২→খ, ৩→ঙ, ৪→ক, ৫→গ

ঘ. অতিসংক্ষিপ্ত প্রশ্ন :

১. টুলবার কী?
২. স্ট্যান্ডার্ড টুলবারের দুটি কমান্ড লেখো।
৩. ফরমেটিং টুলবারের দুটি কমান্ড লেখো।
৪. ড্রইং টুলবারের দুটি কমান্ড লেখো।
৫. স্লাইড টুলবারের দুটি কমান্ড লেখো।

ঙ. সংক্ষিপ্ত প্রশ্ন :

১. স্ট্যান্ডার্ড টুলবারে কোন কাজটি করা যায় না?
২. ফরমেটিং টুলবারের কাজ কী?
৩. ড্রইং টুলবার কোন কাজে ব্যবহৃত হয়?
৪. কোন টুলবারের সাহায্যে বানান পরীক্ষা করা যায়?
৫. টুলবার ব্যবহারের মূল সুবিধা কী?

চ. বর্ণনামূলক প্রশ্ন :

১. স্ট্যান্ডার্ড টুলবার কী এবং এর গুরুত্ব ব্যাখ্যা করো।
২. ফরমেটিং টুলবারের কার্যকারিতা বর্ণনা করো।
৩. ড্রইং টুলবার ব্যবহৃত করে কোন ধরনের কাজ করা যায়? উদাহরণসহ ব্যাখ্যা করো।
৪. স্লাইড টুলবারের গুরুত্ব ব্যাখ্যা করো।
৫. কোন টুলবারের সাহায্যে বানান পরীক্ষা করা যায় এবং কেন এটি গুরুত্বপূর্ণ?
৬. কোন টুলবার ব্যবহৃত করে অবজেক্টের আকার ও রঙ পরিবর্তন করা যায়? উদাহরণ দাও।
৭. প্রেজেন্টেশনে বিভিন্ন টুলবার একত্রে ব্যবহৃত করার সুবিধা ব্যাখ্যা করো।

৫.৬. Slide Creating (স্লাইড তৈরি)

Slide কী?

Slide হলো প্রেজেন্টেশনের একটি একক পাতা বা ফ্রেম, যেখানে টেক্সট, ছবি, গ্রাফিক্স, ভিডিও, অডিও এবং অন্যান্য উপাদান যোগ করে তথ্য উপস্থাপন করা হয়।

Slide তৈরির প্রয়োজনীয়তা

- তথ্যকে সহজ ও সুসজ্জলভাবে উপস্থাপন করে
- পর্যায়ক্রমে বিষয়বস্তু দেখানো
- শ্রোতাদের মনোযোগ ধরে রাখে
- জটিল বিষয়গুলোকে ভিজুয়াল মাধ্যমে সহজবোধ্য করা

Slide তৈরি করার ধাপ

- Presentation Software খোলো :** যেমন Microsoft PowerPoint, Google Slides ইত্যাদি
- নতুন প্রেজেন্টেশন তৈরি কর বা পূর্বের ফাইল খোলো -
- নতুন Slide যোগ কর:
 - Home বা Insert ট্যাবে গিয়ে New Slide বাটনে ক্লিক কর
 - পছন্দমতো Layout নির্বাচন কর (যেমন: Title Slide, Title and Content, Two Content ইত্যাদি)।
- Slide এ বিষয়বস্তু লিখুন: টেক্সট বক্সে টেক্সট টাইপ কর
- ছবি, চার্ট বা ভিডিও যোগ করুন: Insert ট্যাব থেকে প্রয়োজনীয় উপাদান যুক্ত কর
- Slide এর Layout ও Design নির্বাচন করুন: থিম বা ব্যাকগ্রাউন্ড পরিবর্তন কর
- Slide গুলো সঠিক ক্রমে সাজান: প্রয়োজনমতো স্লাইড ড্র্যাগ করে অবস্থান পরিবর্তন কর
- Slide Show মুডে প্রেজেন্টেশন দেখুন: Presentation সম্পাদনার পরে প্রেজেন্টেশন চালানোর জন্য Slide Show চালু কর।

Slide Layout-এর ধরন

Layout Type	বর্ণনা
Title Slide	প্রধান শিরোনাম এবং সাবটাইটেল এর জন্য
Title and Content	শিরোনাম এবং টেক্সট বা ছবির জন্য
Section Header	অধ্যায়ের শিরোনামের জন্য
Two Content	দুই ধরনের কন্টেন্ট পাশাপাশি দেখানোর জন্য
Comparison	দুই অংশের তুলনামূলক কন্টেন্টের

Slide Design ও Formatting টিপস

- সহজ ও পরিষ্কার ফন্ট ব্যবহার কর
- পর্যাপ্ত স্পেসিং রাখ যাতে তথ্য ভরা না লাগে
- রঙ ও ব্যাকগ্রাউন্ড সামঞ্জস্যপূর্ণ রাখুন
- ছবি ও গ্রাফিক্স ব্যবহার কর তথ্য সহজবোধ্য করার জন্য
- বুলেট পয়েন্টে তথ্য সাজাও যেন পড়তে সহজ হয়
- অ্যানিমেশন ও ট্রানজিশন প্রয়োজনমতো ব্যবহার কর (অতিরিক্ত নয়)

অনুশীলনী

ক. অতিসংক্ষিপ্ত প্রশ্ন :

১. Slide কী?
২. Slide Layout কী?
৩. Slide Show কী?

খ. সংক্ষিপ্ত প্রশ্ন :

১. Microsoft PowerPoint-এ নতুন Slide কীভাবে যোগ করবে?
২. Slide এ কোন কোন উপাদান যোগ করা যায়?
৩. Slide Show কীভাবে চালানো হয়?

গ. ধাপ/প্রক্রিয়ামূলক প্রশ্ন :

১. একটি প্রেজেন্টেশনের জন্য Slide তৈরির ধাপ বিস্তারিত লেখো।

ঘ. বর্ণনামূলক প্রশ্ন :

১. Slide Layout এর বিভিন্ন ধরন এবং তাদের ব্যবহৃত ব্যাখ্যা করো।
২. Slide Design এর সময় কী কী বিষয় খেয়াল রাখা উচিত?
৩. Slide Show মোডের গুরুত্ব কী?
৪. একটি উদাহরণ দিয়ে দেখান কীভাবে ছবি ও টেক্সট একসাথে Slide এ যোগ করো।

৫.৭. Slide Editing

Slide Editing বলতে স্লাইডে থাকা বিষয়বস্তু (যেমন : টেক্সট, ছবি, ভিডিও, চার্ট, ব্যাকগ্রাউন্ড, ডিজাইন ইত্যাদি) পরিবর্তন, সংশোধন, পুনর্বিন্যাস ও হালনাগাদ করাকে বোঝায়। এটি একটি প্রেজেন্টেশনকে আরো সুন্দর, কার্যকর ও উপস্থাপনযোগ্য করে তোলে।

কেন Slide Editing প্রয়োজন?

- তথ্য হালনাগাদ বা সংশোধনের জন্য
- বানান ও বাক্য গঠন ঠিক করার জন্য
- ডিজাইন ও বিন্যাস উন্নত করার জন্য
- অপ্রয়োজনীয় উপাদান মুছে ফেলার জন্য
- শ্রোতাদের জন্য প্রেজেন্টেশনকে আরও আকর্ষণীয় ও বোধগম্য করার জন্য।

Slide Editing-এর গুরুত্বপূর্ণ কাজসমূহ

ক. টেক্সট সম্পাদনা (Text Editing)

- ⇒ টেক্সট টাইপ, কপি, পেস্ট, কাটা, রঙ পরিবর্তন
- ⇒ ফন্ট স্টাইল, সাইজ ও অ্যালাইনমেন্ট পরিবর্তন
- ⇒ বুলেট ও নম্বর লিস্ট ব্যবহার।

খ. ছবি ও ভিডিও সম্পাদনা


- ⇒ ছবি পরিবর্তন, রিসাইজ ও রি-পজিশন করা
- ⇒ ছবি কাটছাঁট (Crop), ঘোরানো (Rotate)
- ⇒ ভিডিও ইনসার্ট করে ট্রিম বা প্লে অপশন নির্ধারণ।

গ. Layout পরিবর্তন

- ⇒ Slide Layout পরিবর্তন করে তথ্যের ধরন অনুযায়ী মানানসই বিন্যাস নির্বাচন করা
- ⇒ Title and Content, Two Content, Comparison ইত্যাদি লে-আউট ব্যবহার।

ঘ. Theme ও Background পরিবর্তন

- ⇒ ডিজাইন ট্যাব থেকে নতুন Theme নির্বাচন
- ⇒ Background পরিবর্তন করে উপস্থাপন আকর্ষণীয় করা
- ⇒ Custom background – যেমন: Gradient Fill, Picture Fill



ঙ. Slide-এর বিন্যাস (Arrangement)

- ⇒ Slide গুলোর সিকোয়েন্স পরিবর্তন
- ⇒ Slide ডুপ্লিকেট, মুভ বা ডিলিট
- ⇒ Section তৈরি করে গ্রুপিং করা।

চ. Object Formatting

- ⇒ Shape, SmartArt, Text Box, Chart প্রভৃতির কালার, বর্ডার, ছায়া (Shadow) এবং আকার পরিবর্তন।
- ⇒ Alignment ও Position ঠিক করা।

Slide Editing-এর সরঞ্জাম (Tools)

সরঞ্জাম	কাজ
Home Tab	টেক্সট, লিস্ট, কপি-পেস্ট ইত্যাদি
Insert Tab	নতুন উপাদান (Text box, Shape, Chart) যুক্ত
Design Tab	Theme ও Slide Size নির্বাচন
Transitions Tab	স্লাইডের মধ্যে অ্যানিমেটেড পরিবর্তন
Animations Tab	উপাদানগুলোতে অ্যানিমেশন যোগ
Slide Sorter View	সমস্ত স্লাইড একসাথে দেখে সহজে ম্যানেজ করা যায়।

অনুশীলনী

ক. সঠিক উত্তরটি খাতায় লেখো :

১. কোনটি Slide সম্পাদনার অংশ?

ক. প্রজেক্টেশন ডিলিট করা

খ. টেক্সট টাইপ ও রঙ পরিবর্তন

গ. সফটওয়্যার ইন্সটল করা

ঘ. শুধুমাত্র প্রিন্ট

২. নিচের কোনটি টেক্সট সম্পাদনার কাজ নয়?

ক. ফন্ট স্টাইল পরিবর্তন

খ. কপি-পেস্ট

গ. ভিডিও ট্রিম করা

ঘ. বুলেট ব্যবহার

উত্তরমালা : ১. খ; ২. গ।

খ. শূন্যস্থান পূরণ (Fill in the blanks) :

১. Slide Editing বলতে স্লাইডে থাকা বিষয়বস্তু যেমন টেক্সট, ছবি, ভিডিও, চার্ট, ব্যাকগ্রাউন্ড, ডিজাইন ইত্যাদি করা বোঝায়। উত্তর : পরিবর্তন, সংশোধন, পুনর্বিন্যাস ও হালনাগাদ

২. Slide Editing-এর মাধ্যমে বানান ও বাক্য গঠন ঠিক করার জন্য করা হয়। উত্তর : টেক্সট সম্পাদনা

৩. ছবি কাটছাঁট বা ঘোরানোর জন্য প্রজেক্টেশনে ব্যবহার করা হয়। উত্তর : Crop / Rotate

৪. Slide-এর সিকোয়েন্স পরিবর্তন, ডুপ্লিকেট, মুভ বা ডিলিট করার কাজকে বলা হয়।

উত্তর : বিন্যাস (Arrangement)

৫. স্লাইডের মধ্যে অ্যানিমিটেড পরিবর্তন এবং উপাদানগুলোতে অ্যানিমেশন যোগ করার জন্য ব্যবহৃত সরঞ্জাম হলো। উত্তর : Transitions Tab / Animations Tab

গ. অতিসংক্ষিপ্ত প্রশ্ন :

১. Slide Editing কী?

২. Design Tab এর দুটি কমান্ড লেখো।

৩. স্লাইডের মধ্যে অ্যানিমিটেড পরিবর্তন করার টুল লেখো।

ঘ. সংক্ষিপ্ত প্রশ্ন :

১. Slide-এ টেক্সট পরিবর্তন করতে কোন ট্যাব ব্যবহৃত করা হয়?

২. Slide Layout পরিবর্তনের উপায় কী?

৩. Slide মুছতে কী করতে হয়?

৪. Slide-এ ছবি Crop বা ঘোরানো কীভাবে করা হয়?

ঙ. ধাপ/প্রক্রিয়ামূলক প্রশ্ন :

১. Slide Editing-এর বিভিন্ন ধাপ ব্যাখ্যা করো।

চ. বর্ণনামূলক প্রশ্ন :

১. Slide Background এবং Theme পরিবর্তনের উপায় লেখো।

২. Slide বিন্যাস (arrangement) পরিবর্তনের প্রয়োজনীয়তা ও পদ্ধতি ব্যাখ্যা করো।

৩. একটি উদাহরণসহ দেখাও কীভাবে একটি স্লাইডে টেক্সট ও ছবি সম্পাদন করা হয়।

৪. Slide Editing-এর সময় কী কী বিষয় খেয়াল রাখতে হয়?

৫.৮. Slide Enhancing (স্লাইড উন্নয়ন বা সৌন্দর্যবর্ধন)

Slide Enhancing কী?

Slide Enhancing বলতে একটি প্রেজেন্টেশনের স্লাইডগুলোকে আরও আকর্ষণীয়, পেশাদার এবং কার্যকরী করে তোলার প্রক্রিয়াকে বোঝায়। এটি মূলত ডিজাইন, বিন্যাস, অ্যানিমেশন ও ভিজুয়াল উপাদান ব্যবহার করে স্লাইডকে উন্নত করার একটি কৌশল।

Slide Enhancing কেন গুরুত্বপূর্ণ?

- শ্রোতাদের মনোযোগ ধরে রাখতে সাহায্য করে
- তথ্য সহজে ও স্পষ্টভাবে বোঝাতে সহায়ক
- উপস্থাপনাকে পেশাদার ও দৃষ্টিনন্দন করে তোলে
- দীর্ঘ প্রেজেন্টেশনেও আগ্রহ বজায় রাখে
- ব্র্যান্ডিং ও প্রভাব বাড়ায় (বিশেষ করে ব্যবসায়িক প্রেজেন্টেশনে)।

Slide Enhancing-এর উপাদানসমূহ

১. Theme ও Color Scheme

- প্রেজেন্টেশনের জন্য মানানসই থিম বেছে নেয়া
- যথাযথ রঙের ব্যবহার (২-৩টি প্রধান রঙ ব্যবহার করা উচিত)
- রঙের কন্ট্রাস্ট ঠিক রাখা যেন টেক্সট পাঠযোগ্য হয়।

২. ফন্ট ও টেক্সট স্টাইল

- সহজপাঠ্য ফন্ট (যেমন: Calibri, Arial, Segoe UI) ইত্যাদি।
- Headline ও Body Text-এর আলাদা স্টাইল
- Bullet points ব্যবহার করে তথ্য বিন্যাস

৩. SmartArt ও Shape ব্যবহার

- ডায়াগ্রাম, প্রসেস ফ্লো বা হায়ারার্কি বোঝাতে SmartArt
- গুরুত্বপূর্ণ অংশ হাইলাইট করতে Shape ব্যবহার

Image ও Icons

- বিষয়বস্তুর সাথে সম্পর্কিত এবং উচ্চ রেজুলেশনের ছবি ব্যবহার
- ফ্রি আইকন বা ভেক্টর চিত্র ব্যবহারে স্লাইড জীবন্ত হয়
- ছবি Crop, Shadow, Border ইত্যাদির মাধ্যমে কাস্টমাইজ করা।




Chart ও Graphs

ডেটা উপস্থাপনায় চার্ট (Pie, Bar, Column) ব্যবহার।
চার্টে কালার কোড ও লেবেল স্পষ্ট রাখা

Animation ও Transition

Slide বা উপাদানের মধ্যে সুন্দর ও পরিমিত Animation ব্যবহার
স্লাইড পরিবর্তনের সময় Transition Effect যোগ করা (যেমন: Fade, Push, Wipe)

Multimedia Integration

ভিডিও ক্লিপ, অডিও ব্যাকগ্রাউন্ড ব্যবহার করে তথ্য জীবন্ত করা
YouTube লিংক বা এম্বেড করা ভিডিও যুক্ত করা।

Slide Enhancing-এর সময় করণীয় ও বর্জনীয়

করণীয়	বর্জনীয়
পরিষ্কার ও ধারাবাহিক বিন্যাস	খুব বেশি Animation বা রঙ ব্যবহার
সীমিত ফন্ট ও রঙ	অতিরিক্ত তথ্য দিয়ে স্লাইড ভরানো
প্রাসঙ্গিক ছবি ও আইকন	ছবি বা গ্রাফিক্সের অতিরিক্ত ব্যবহার
প্রয়োজনীয় জিনিস হাইলাইট করা	খুব ছোট ফন্ট সাইজ ব্যবহার।

অনুশীলনী**ক. সঠিক উত্তরটি খাতায় লেখো :****১. কোনটি ভালো স্লাইড ডিজাইনের বৈশিষ্ট্য?**

- ক. অতিরিক্ত রঙ ব্যবহার
খ. অপ্রাসঙ্গিক ছবি
গ. পরিষ্কার ও ধারাবাহিক বিন্যাস
ঘ. ছোট ফন্ট

২. অ্যানিমেশন ব্যবহারে কী লক্ষ্য রাখা উচিত?

- ক. প্রতিটি আইটেমে অ্যানিমেশন
খ. সুন্দর ও পরিমিত ব্যবহার
গ. শুধু প্রথম স্লাইডে অ্যানিমেশন
ঘ. একাধিক টাইপ একসাথে

উত্তরমালা : ১. গ; ২. খ।

খ. শূন্যস্থান পূরণ (Fill in the blanks) :

১. Slide Enhancing বলতে একটি প্রেজেন্টেশনের আরও আকর্ষণীয়, পেশাদার এবং কার্যকরী করে তোলার প্রক্রিয়া বোঝায়।

উত্তর : স্লাইড

২. প্রেজেন্টেশনের থিম বেছে নেওয়া এবং রঙের কন্ট্রাস্ট ঠিক রাখার কাজ হয় ও Color Scheme এর মাধ্যমে।

উত্তর : ডিজাইন উপাদান

৩. সহজপাঠ্য ফন্ট ব্যবহার, শিরোনাম ও উপ-শিরোনামের আলাদা স্টাইল এবং Bullet points ব্যবহার করে তথ্য বিন্যাস করা হয় ও টেমপ্লেট স্টাইল এর মাধ্যমে।

উত্তর : ফন্ট

৪. চার্টে কালার কোড ও লেবেল স্পষ্ট রাখা এবং ডেটা উপস্থাপনা করা হয় এর মাধ্যমে।

উত্তর : ডেটা উপস্থাপন

৫. ভিডিও ক্লিপ, অডিও ব্যাকগ্রাউন্ড বা এম্বেড করা ভিডিও ব্যবহার করে তথ্যকে আরও জীবন্ত করা হয় এর মাধ্যমে।

উত্তর : Multimedia Integration

গ. Matching (মিলকরণ) :

কলাম-A (পরিভাষা)	কলাম-B (ব্যাখ্যা)
১. থিম ও রঙ	ক. ভিডিও ক্লিপ, অডিও ব্যাকগ্রাউন্ড বা এম্বেড করা ভিডিও যুক্ত করে তথ্য জীবন্ত করা।
২. ফন্ট ও টেক্সট স্টাইল	খ. চার্টে কালার কোড ও লেবেল স্পষ্ট রাখা।
৩. চিত্র ও আইকন	গ. বিষয়বস্তুর সাথে সম্পর্কিত উচ্চ রেজুলেশনের ছবি ও ফ্রি আইকন ব্যবহার।
৪. চার্ট ও ডেটা উপস্থাপন	ঘ. সহজপাঠ্য ফন্ট ব্যবহার, হেডিং ও সাবহেডিং আলাদা স্টাইল, তথ্য বিন্যাস।
৫. ভিডিও ও অডিও ব্যবহার	ঙ. প্রেজেন্টেশনের জন্য মানানসই থিম নির্বাচন ও রঙের কন্ট্রাস্ট ঠিক রাখা।

উত্তরমালা : ১→ঙ, ২→ঘ, ৩→গ, ৪→খ, ৫→ক

ঘ. অতিসংক্ষিপ্ত প্রশ্ন :

১. Slide Enhancing-এর দুটি উপাদান লেখো।
২. SmartArt কী?
৩. দুটি সহজপাঠ্য ফন্টের নাম লেখো।
৪. পাওয়ারপয়েন্টে Shape কী কাজে ব্যবহৃত হয়?
৫. Transition Effect এর দুটি নাম লেখো।

ঙ. সংক্ষিপ্ত প্রশ্ন :

১. Slide Enhancing কাকে বলে?
২. প্রেজেন্টেশনে কন্ট্রাস্ট কালার কেন গুরুত্বপূর্ণ?
৩. কীভাবে SmartArt ব্যবহৃত করা হয়?
৪. Transition ও Animation এর পার্থক্য কী?
৫. Slide Enhancing-এ ছবি ব্যবহারের নিয়ম কী?

চ. ধাপ/প্রক্রিয়ামূলক প্রশ্ন :

১. একটি Slide Enhancing-এর উদাহরণসহ প্রক্রিয়া ব্যাখ্যা করো।

ছ. বর্ণনামূলক প্রশ্ন :

১. Slide Enhancing-এর উদ্দেশ্য ও উপকারিতা ব্যাখ্যা করো।
২. একটি সফল Slide Enhancing-এর জন্য কোন কোন বিষয় খেয়াল রাখতে হয়?
৩. ফন্ট, রঙ ও ডিজাইন কীভাবে একটি প্রেজেন্টেশনকে প্রভাবিত করে?
৪. PowerPoint-এ Slide Enhancing করতে কী কী টুলস ব্যবহৃত হয়?

৫.৯. Modify Slide Theme and Background (স্লাইড থিম ও ব্যাকগ্রাউন্ড পরিবর্তন)

Slide Theme কী?

Theme হলো এমন একটি ডিজাইন সেটিংস যা পুরো থ্রেজেন্টেশন জুড়ে রঙ, ফন্ট, ব্যাকগ্রাউন্ড স্টাইল এবং গ্রাফিক্সের সামঞ্জস্য নির্ধারণ করে। এটি স্লাইডকে পেশাদার ও দৃষ্টিনন্দন করে তোলে।

Slide Background কী?


Background হলো প্রতিটি স্লাইডের পেছনের দৃশ্য বা রঙ। এটি হতে পারে সাদা, রঙিন, গ্রেডিয়েন্ট, প্যাটার্ন বা ছবি। ব্যাকগ্রাউন্ড ভিজুয়াল উপস্থাপনাকে সমৃদ্ধ করে।

Theme পরিবর্তনের ধাপ (Steps to Change Slide Theme)

- PowerPoint ফাইল ওপেন করতে হবে
- উপরের মেনু থেকে Design ট্যাবে ক্লিক করো
- “Themes” গ্রুপে বিভিন্ন প্রি-ডিফাইন্ড থিম দেখা যাবে
- যে থিমাটি পছন্দ, সেটি স্লাইডে ক্লিক করলে সব স্লাইডে প্রয়োগ হবে
- চাইলে Variants থেকে রঙ, ফন্ট ও ইফেক্ট কাস্টমাইজ করা যায়।


Slide Background পরিবর্তনের ধাপ

- যেকোনো একটি স্লাইডে ক্লিক করতে হবে
- Design ট্যাবে গিয়ে Format Background অপশনে ক্লিক করতে হবে
- ডান পাশে Format Background প্যানেল আসবে।



- নিচের অপশনগুলো থেকে যেকোনো একটি নির্বাচন করতে হবে
 - ⇒ Solid Fill: এক রঙের ব্যাকগ্রাউন্ড
 - ⇒ Gradient Fill: রঙের শেড বা গ্রেডিয়েন্ট ব্যাকগ্রাউন্ড
 - ⇒ Picture or Texture Fill: ব্যাকগ্রাউন্ডে ছবি বা টেক্সচার বসানো
 - ⇒ Pattern Fill: নির্দিষ্ট প্যাটার্ন ব্যবহার

ঙ. নিচে Apply to All বাটনে ক্লিক করলে সব স্লাইডে একই ব্যাকগ্রাউন্ড বসবে



Theme ও Background পরিবর্তনের উপকারিতা

- প্রেজেন্টেশনকে আকর্ষণীয় করে
- থিম অনুযায়ী ভিজ্যুয়াল সামঞ্জস্য থাকে
- বিষয়ভিত্তিক রঙ বা স্টাইল ব্যবহার সহজ হয়
- শ্রোতার চোখে পেশাদার ইম্প্রেশন তৈরি করে।

অনুশীলনী

ক. সঠিক উত্তরটি খাতায় লেখো :

১. “Slide Background” কী?

ক. স্লাইডের শিরোনাম

গ. ফন্ট সাইজ

খ. স্লাইডের পেছনের দৃশ্য বা রঙ

ঘ. অ্যানিমেশন স্টাইল

২. স্লাইড থিম পরিবর্তন করতে কোন মেনুতে যেতে হয়?

ক. ইনসার্ট

গ. ডিজাইন (Design)

খ. হোম

ঘ. রিভিউ

৩. নিচের কোনটি ব্যাকগ্রাউন্ডের ধরন নয়?

ক. এক রঙের ব্যাকগ্রাউন্ড

গ. হাইপারলিংক ব্যাকগ্রাউন্ড

খ. গ্রেডিয়েন্ট ব্যাকগ্রাউন্ড

ঘ. প্যাটার্ন ব্যাকগ্রাউন্ড

উত্তরমালা : ১. খ; ২. গ; ৩. গ।

খ. শূন্যস্থান পূরণ (Fill in the blanks) :

১. হলো এমন একটি ডিজাইন সেটিংস যা পুরো প্রেজেন্টেশন জুড়ে রঙ, ফন্ট, ব্যাকগ্রাউন্ড স্টাইল এবং গ্রাফিক্সের সামঞ্জস্য নির্ধারণ করে।

উত্তর : Slide Theme

২. হলো প্রতিটি স্লাইডের পেছনের দৃশ্য বা রঙ, যা ব্যাকগ্রাউন্ডকে ভিজ্যুয়াল উপস্থাপনায় সমৃদ্ধ করে।

উত্তর : Background

৩. Slide Theme পরিবর্তনের জন্য প্রথম ধাপ হলো ফাইল ওপেন করা এবং ট্যাবে ক্লিক করা।

উত্তর : Design

৪. ব্যাকগ্রাউন্ডে এক রঙ ব্যবহার করতে অপশন নির্বাচন করতে হয়।

উত্তর : Solid Fill

৫. সব স্লাইডে একই ব্যাকগ্রাউন্ড বসাতে নিচে বাটনে ক্লিক করতে হয়।

উত্তর : Apply to All

গ. Matching (মিলকরণ) :

কলাম-A (পরিভাষা)	কলাম-B (ব্যাখ্যা)
১. Slide Theme	ক. থিম অনুযায়ী রঙ, ফন্ট ও ইফেক্ট নিজের মতো পরিবর্তন করা যায়।
২. Background	খ. প্রতিটি স্লাইডের পেছনের দৃশ্য বা রঙ, যেমন সাদা, রঙিন, গ্রেডিয়েন্ট, ছবি বা প্যাটার্ন।
৩. থ্রি-ডিফাইন্ড থিম	গ. এক রঙ, গ্রেডিয়েন্ট, ছবি/ টেক্সচার, বা নির্দিষ্ট প্যাটার্ন ব্যবহার করা যায়।
৪. কাস্টমাইজেশন	ঘ. পুরো প্রেজেন্টেশনের রঙ, ফন্ট, ব্যাকগ্রাউন্ড স্টাইল ও গ্রাফিক্সের সামঞ্জস্য নির্ধারণ করে।
৫. ব্যাকগ্রাউন্ড ধরন	ঙ. থিম নির্বাচন করলে সব স্লাইডে একই স্টাইল প্রয়োগ হয়।

উত্তরমালা : ১→ঘ, ২→খ, ৩→ঙ, ৪→ক, ৫→গ

ঘ. অতিসংক্ষিপ্ত প্রশ্ন :

১. Slide Theme কী?
২. Slide Background কী?
৩. এক রঙের ব্যাকগ্রাউন্ড কমান্ড লেখো।
৪. Theme কী?

ঙ. সংক্ষিপ্ত প্রশ্ন :

১. ব্যাকগ্রাউন্ড পরিবর্তনের জন্য কোন ট্যাব ব্যবহৃত হয়?
২. Solid Fill ও Gradient Fill-এর মধ্যে পার্থক্য কী?
৩. থিমে কোন কোন উপাদান অন্তর্ভুক্ত থাকে?
৪. Format Background-এ Picture Fill কী?

চ. ধাপ/প্রক্রিয়ামূলক প্রশ্ন :

১. PowerPoint-এ স্লাইডের থিম পরিবর্তনের ধাপ লেখো।
২. Slide Background পরিবর্তনের ধাপ ব্যাখ্যা করো।

ছ. বর্ণনামূলক প্রশ্ন :

১. Theme ও Background পরিবর্তনের প্রয়োজনীয়তা আলোচনা করো।
২. একটি প্রেজেন্টেশনে থিম ও ব্যাকগ্রাউন্ড একত্রে কীভাবে কাজ করে তা ব্যাখ্যা করো।
৩. প্রেজেন্টেশনে থিম ব্যবহারে কী কী বিষয় খেয়াল রাখতে হয়?

৫.১০. Inserting Image, Audio, Video, Hyperlink

(ছবি, অডিও, ভিডিও ও হাইপারলিংক সংযুক্তকরণ)

PowerPoint-এ প্রেজেন্টেশন আরও তথ্যবহুল ও আকর্ষণীয় করতে হলে ছবি, অডিও, ভিডিও ও হাইপারলিংক সংযুক্ত করার প্রয়োজন হয়। এতে প্রেজেন্টেশনটি শুধু পাঠযোগ্যই নয়, বরং দৃশ্যমান, শ্রবণযোগ্য ও ইন্টারঅ্যাকটিভ হয়ে ওঠে।

Image সংযুক্ত করার পদ্ধতি

Insert Image :

ধাপসমূহ :

- Insert ট্যাবে ক্লিক করতে হবে
- Pictures অপশন নির্বাচন করতে হবে
- This Device: কম্পিউটার থেকে ছবি
- Online Pictures: অনলাইনে খোঁজে সংযুক্ত
- ছবি সিলেক্ট করে Insert বাটনে ক্লিক করতে হবে
- প্রয়োজন অনুযায়ী ছবির আকার, অবস্থান ও ঘূর্ণন (Rotate) ঠিক করতে হবে

ফরমেটিং টিপস :

Crop দিয়ে অংশ কাটতে পারো


Picture Styles দিয়ে বর্ডার, ছায়া বা আকার পরিবর্তন করা যায়

Audio সংযুক্ত করার পদ্ধতি

Insert Audio :

ধাপসমূহ :

১. Insert ট্যাবে ক্লিক করতে হবে
২. Audio → Audio on My PC নির্বাচন করতে হবে



৩. কম্পিউটার থেকে অডিও ফাইল নির্বাচন করে Insert করো

৪. Slide-এ একটি অডিও আইকন দেখা যাবে
৫. চাইলে Playback ট্যাব থেকে নিচের অপশনগুলো ব্যবহৃত করা যায়:
৬. Start: Automatically / On Click
৭. Loop until Stopped
৮. Hide During Show

Video সংযুক্ত করার পদ্ধতি



Insert Video :

ধাপসমূহ :

- Insert ট্যাবে ক্লিক করতে হবে
- Video → Video on My PC নির্বাচন করতে হবে
- ভিডিও নির্বাচন করে Insert করতে হবে
- ভিডিওটি স্লাইডে অবস্থান ঠিক করো এবং Playback ট্যাব থেকে নিয়ন্ত্রণ করতে হবে


টিপস :

- Start: On Click বা Automatically
- Trim Video অপশন দিয়ে ভিডিও কাটছাঁট করা যায়
- Volume নিয়ন্ত্রণ করা যায়

Hyperlink সংযুক্ত করার পদ্ধতি

ধাপসমূহ :

১. একটি টেক্সট, ছবি বা শেপ সিলেক্ট করো
২. Insert ট্যাবে গিয়ে Link → Insert Link নির্বাচন করো
৩. নিচের যেকোনো একটি বেছে নাও
৪. Existing File or Web Page – ওয়েবসাইট লিংক
৫. Place in This Document – একই প্রেজেন্টেশনের অন্য স্লাইডে



৬. Create New Document – নতুন ডকুমেন্ট খুলবে

৭. Email Address – নির্দিষ্ট ইমেইলে পাঠাবে

৮. ঠিকঠাক URL বা গন্তব্য নির্ধারণ করে OK চাপতে হবে

অনুশীলনী

ক. সঠিক উত্তরটি খাতায় লেখো :

১. ছবি সংযুক্ত করতে প্রথমে কোন ট্যাবে যেতে হয়?

ক. হোম

খ. ডিজাইন

গ. ইনসার্ট (Insert)

ঘ. ট্রানজিশন

২. অডিও ফাইল সংযুক্ত করার জন্য কোন অপশন ব্যবহার করা হয়?

ক. Video

খ. Chart

গ. Audio → Audio on My PC

ঘ. Table

উত্তরমালা : ১. গ; ২. গ।

খ. শূন্যস্থান পূরণ (Fill in the blanks)

১. প্রেজেন্টেশন আরও আকর্ষণীয় করতে সংযুক্ত করা যায়, যাতে এটি শুধু পাঠযোগ্য নয়, দৃশ্যমান ও শ্রবণযোগ্যও হয়।

উত্তর : ছবি, অডিও, ভিডিও ও হাইপারলিংক

২. প্রেজেন্টেশনে ছবি সংযুক্ত করতে Insert ট্যাবে ক্লিক করে নির্বাচন করতে হবে।

উত্তর : Pictures অপশন

৩. অডিও সংযুক্ত করতে কম্পিউটার থেকে নির্বাচন করে Insert করতে হয়।

উত্তর : অডিও ফাইল

৪. ভিডিও সংযুক্ত করার সময় ভিডিওটি স্লাইডে অবস্থান ঠিক করে এবং থেকে নিয়ন্ত্রণ করতে হয়।

উত্তর : Playback ট্যাব

৫. হাইপারলিংক সংযুক্ত করতে একটি টেক্সট, ছবি বা শেপ সিলেক্ট করে Insert ট্যাবে গিয়ে নির্বাচন করতে হয়।

উত্তর : Link → Insert Link

গ. Matching (মিলকরণ)

কলাম-A (পরিভাষা)	কলাম-B (ব্যাখ্যা)
১. ছবি (Image)	ক. কম্পিউটার থেকে অডিও ফাইল নির্বাচন করে স্লাইডে বসানো এবং অডিও আইকন দেখানো।
২. অডিও (Audio)	খ. কম্পিউটার বা অনলাইনে ছবি নির্বাচন করে স্লাইডে সংযুক্ত করা এবং আকার/অবস্থান ঠিক করা।
৩. ভিডিও (Video)	গ. ছবি, অডিও বা ভিডিওর আকার, বর্ডার, ছায়া বা অবস্থান পরিবর্তন করা।
৪. হাইপারলিংক (Hyperlink)	ঘ. টেক্সট, ছবি বা শেপকে লিংক করা; ওয়েবসাইট, স্লাইড, নতুন ডকুমেন্ট বা ইমেইলে সংযুক্ত করা।
৫. ফরমেটিং (Crop, Picture)	ঙ. কম্পিউটার থেকে ভিডিও নির্বাচন করে স্লাইডে বসানো এবং অবস্থান/নিয়ন্ত্রণ ঠিক করা।

উত্তরমালা : ১→খ, ২→ক, ৩→ঙ, ৪→ঘ, ৫→গ

ঘ. অতিসংক্ষিপ্ত প্রশ্ন :

১. Playback ট্যাব কী?
২. ছবি কাটার কমান্ডের নাম কী?
৩. ছবির বর্ডার ও সাইজ পরিবর্তন করার কমান্ড কোনটি?
৪. ভিডিও ইনসার্টের দুটি ধাপ লেখো।

ঙ. সংক্ষিপ্ত প্রশ্ন :

১. PowerPoint-এ অডিও যুক্ত করতে কোন ট্যাব ব্যবহৃত হয়?
২. Trim Video অপশন কী কাজে ব্যবহৃত হয়?
৩. Hyperlink কত ধরনের স্থানে যুক্ত করা যায়?
৪. Insert Tab থেকে ছবি কীভাবে যুক্ত করা যায়?

চ. ধাপ/প্রক্রিয়ামূলক প্রশ্ন :

১. PowerPoint-এ ছবি, অডিও এবং ভিডিও সংযুক্ত করার ধাপ ব্যাখ্যা করো।

ছ. বর্ণনামূলক প্রশ্ন :

১. Hyperlink কী এবং এটি কীভাবে একটি প্রেজেন্টেশনে যুক্ত করা হয়?
২. একটি স্লাইডে ভিডিও যুক্ত করে তা কীভাবে উপস্থাপনযোগ্যভাবে সাজানো যায়?
৩. Inserting Media Object-এর উপকারিতা কী?
৪. PowerPoint-এ ছবি এবং হাইপারলিংকের মাধ্যমে কীভাবে ইন্টারঅ্যাকটিভ স্লাইড তৈরি করা যায়?

৫.১১. Creating Animation (অ্যানিমেশন তৈরি)

Animation কী?

Animation হলো একটি প্রক্রিয়া যার মাধ্যমে প্রেজেন্টেশন স্লাইডে থাকা উপাদান (যেমন: টেক্সট, ছবি, গ্রাফ ইত্যাদি) চলমানভাবে বা ধাপে ধাপে প্রদর্শিত হয়। এটি উপস্থাপনাকে জীবন্ত, আকর্ষণীয় ও মনোযোগ-আকর্ষণ করে তোলে।

Animation-এর প্রয়োজনীয়তা

- শ্রোতার দৃষ্টি নির্দিষ্ট অংশে কেন্দ্রীভূত করা
- তথ্য ধাপে ধাপে দেখানো
- প্রেজেন্টেশনকে গতিশীল ও প্রফেশনালভাবে উপস্থাপন
- শ্রোতার আগ্রহ ও মনোযোগ বজায় রাখা।

Animation-এর ধরন

ধরন	কাজের বিবরণ
Entrance	উপাদান কীভাবে স্লাইডে প্রবেশ করবে (যেমন : Fade In, Fly In)
Emphasis	উপাদান স্লাইডে থাকাকালীন কীভাবে দৃষ্টি আকর্ষণ করবে (যেমন : Grow/Shrink, Spin)
Exit	উপাদান কীভাবে স্লাইড থেকে বের হবে (যেমন : Fade Out, Fly Out)
Motion Paths	উপাদান নির্দিষ্ট পথে চলবে (যেমন : Line, Arc, Custom Path)


PowerPoint-এ Animation তৈরির ধাপ

- PowerPoint ওপেন করে একটি স্লাইড নির্বাচন করতে হবে।
- যেই টেক্সট/ছবি/শেপে অ্যানিমেশন প্রয়োগ করতে চাও, সেটি সিলেক্ট করতে হবে।
- উপরের Animations ট্যাবে ক্লিক করতে হবে।
- Animation অপশন থেকে একটি নির্বাচন করতে হবে (যেমন : Fly In, Fade, Zoom)
- চাইলে Animation Pane চালু করে আরও বিস্তারিত কাস্টমাইজ করতে পারবে।
- Duration ও Delay অপশন ব্যবহার করে সময় নিয়ন্ত্রণ করা যায়।
- Start অপশন-
 - ⇒ On Click- ক্লিক করলে শুরু হবে
 - ⇒ With Previous- আগেরটির সাথে একসাথে চলবে
 - ⇒ After Previous - আগেরটির পরে স্বয়ংক্রিয়ভাবে চলবে

Multiple Animation প্রয়োগ

একটি উপাদানে একাধিক অ্যানিমেশন প্রয়োগ করতে হলে-

- প্রথম Animation দিতে হবে
- Animations → Add Animation-এ গিয়ে দ্বিতীয়টি নির্বাচন করতে হবে
- Animation Pane থেকে প্রতিটি অ্যানিমেশনের টাইমিং ও অর্ডার পরিবর্তন করা যায়



Animation Preview ও Testing

- Preview বাটনে ক্লিক করে এনিমেশন কীভাবে কাজ করছে তা দেখা যায়
- Slide Show মোডে গিয়ে লাইভ প্রেজেন্টেশন দেখতে পারো

Animation ব্যবহারে সতর্কতা

করণীয়	বর্জনীয়
প্রয়োজন অনুসারে অ্যানিমেশন ব্যবহার	অতিরিক্ত ও দ্রুতগতির অ্যানিমেশন নয়
ধীরগতি ও স্পষ্ট অ্যানিমেশন	জটিল ও বিভ্রান্তিকর Animation নয়
একাধিক অ্যানিমেশন হলে সময় ও অর্ডার ঠিক রাখা	একই উপাদানে অনেক Animation নয়

অনুশীলনী

ক. সঠিক উত্তরটি খাতায় লেখো :

১. কোন অপশন থেকে অ্যানিমেশনের টাইমিং ও অর্ডার ঠিক করা যায়?

ক. Format খ. Animation Pane গ. View Pane ঘ. Review

২. “On Click” অপশনটি কী নির্দেশ করে?

ক. নিজে নিজে চলবে খ. পূর্বেরটির পরে চলবে
গ. ক্লিক করলে অ্যানিমেশন শুরু হবে ঘ. কোন কাজ হবে না

৩. নিচের কোনটি অ্যানিমেশনের উদাহরণ?

ক. Bold খ. Italic গ. Fly In ঘ. Underline

উত্তরমালা : ১. খ; ২. গ; ৩. গ।

খ. শূন্যস্থান পূরণ (Fill in the blanks) :

১. Animation হলো একটি প্রক্রিয়া যার মাধ্যমে প্রেজেন্টেশনের উপাদান (যেমন : টেক্সট, ছবি, গ্রাফিক্স ইত্যাদি) বা ধাপে ধাপে প্রদর্শিত হয়। উত্তর : চলমানভাবে

২. Animation-এর প্রয়োজনীয়তার মধ্যে একটি হলো তথ্য দেখানো। উত্তর : ধাপে ধাপে

৩. Animation-এর ধরনের মধ্যে উপাদান কীভাবে স্লাইডে প্রবেশ করবে সেটাকে বলা হয়। উত্তর : Entrance

৪. PowerPoint-এ একটি টেক্সট/ছবি/শেপে অ্যানিমেশন প্রয়োগ করতে প্রথমে উপাদানটি করতে হবে।

উত্তর : সিলেক্ট

৫. অ্যানিমেশন শুরু করার জন্য On Click- ক্লিক করলে হবে। উত্তর : শুরু

গ. Matching (মিলকরণ) :

কলাম-A (পরিভাষা)	কলাম-B (ব্যাখ্যা)
১. Entrance	ক. এনিমেশন কীভাবে কাজ করছে তা পরীক্ষা করা যায়।
২. Emphasis	খ. উপাদান স্লাইডে থাকাকালীন কীভাবে দৃষ্টি আকর্ষণ করবে (যেমন : Gro, Spin)।
৩. Exit	গ. উপাদান নির্দিষ্ট পথে চলবে (যেমন : Line, Arc, Custom Path)।
৪. Motion Paths	ঘ. উপাদান কীভাবে স্লাইড থেকে বের হবে (যেমন : Fade Out, Fly Out)।
৫. Previwe	ঙ. উপাদান কীভাবে স্লাইডে প্রবেশ করবে (যেমন : Fade In, Fly In)।

উত্তরমালা : ১→ঙ, ২→গ, ৩→ঘ, ৪→ঘ, ৫→ক

ঘ. অতিসংক্ষিপ্ত প্রশ্ন :


১. Animation কী?
২. Animation এর দুটি অপশন লেখো।
৩. এনিমেশন কীভাবে কাজ করছে দেখার বাটন কোনটি?
৪. লাইভ প্রেজেন্টেশন দেখতে কোন মোডে যেতে হবে?
৫. স্টার্ট অপশনের দুটি বাটনের নাম লেখো।

ঙ. সংক্ষিপ্ত প্রশ্ন :

১. Entrance ও Exit Animation-এর মধ্যে পার্থক্য কী?
২. PowerPoint-এ Motion Path Animation কী কাজে ব্যবহৃত হয়?
৩. Animation Pane-এর কাজ কী?
৪. Add Animation কমান্ডের ব্যবহৃত কী?

চ. চিত্রাভিত্তিক প্রশ্ন :

পাওয়ার পয়েন্টে এনিমেশন তৈরিতে ইফেক্ট যুক্ত করার জন্য কাস্টম এনিমেশন অপশনগুলোর কাজের বিবরণ লিখ:



ধরন	কাজের বিবরণ
Entrance	
Emphasis	
Exit	
Motion Paths	

ছ. ধাপ/প্রক্রিয়ামূলক প্রশ্ন :

১. PowerPoint-এ একটি স্লাইডে অ্যানিমেশন তৈরির ধাপ ব্যাখ্যা করো।

জ. বর্ণনামূলক প্রশ্ন :

১. Animation-এর বিভিন্ন ধরন ও তাদের ব্যবহৃত আলোচনা করো।
২. প্রেজেন্টেশনে অ্যানিমেশন ব্যবহারের সুবিধা ও সতর্কতা ব্যাখ্যা করো।
৩. একটি স্লাইডে টেক্সট ও ছবিতে অ্যানিমেশন যুক্ত করার উদাহরণসহ ব্যাখ্যা করো।
৪. Animation Pane কী এবং এটি কীভাবে কাজ করে?